

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৬৪০.১২. ৪০১

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৪/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৩৭.১৮-৬৮ নম্বর স্মারকের সুপারিশক্রমে এবং The Gazetted Officers (Statistics Division) Recruitment Rules, 1978 এর আলোকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০/- - ৫৩০৬০/- বেতনক্রমে (গ্রেড-৯) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর “পরিসংখ্যান কর্মকর্তা” (নন-ক্যাডার) পদে নিয়োক্ত ০১ (এক) জন প্রার্থীকে অস্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্র: নং	রেজি: নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
০১	০০০৫১৭	মোঃ খলিলুর রহমান পিতা-নূর মোহাম্মদ মোড়ল মাতা-নাছিমা বেগম	গ্রাম-ভারসা, ডাকঘর-পাটকেলঘাটা, থানা- পাটকেলঘাটা, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা।	সাতক্ষীরা

শর্তসমূহ:

- (০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ পূর্বাফে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর যোগদান করতে হবে;
- (০২) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- (০৩) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকুরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;
- (০৪) শিক্ষানবিশকালে তাঁর চাকুরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;
- (০৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাঁকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (০৬) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে দেশের যে কোন স্থানে এবং যে কোন উপজেলায় বদলি করা যাবে;
- (০৭) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (০৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (০৯) চাকুরিতে যোগদানকালে প্রার্থী যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প উপরে উল্লেখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;
- (১০) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (১১) নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৬৪০.১২.


তারিখঃ

ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭ (তার ১৬/০৪/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৩৭.১৮-৬৮ নং স্মারক মোতাবেক)।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [তঁাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধ করা হলো]।
- ০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
- ০৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। জনাব/বেগম.....
- ০৯। অফিস কপি/গার্ড নথি/ব্যক্তিগত নথি।


মোঃ আবুল বাশার
উপসচিব